

আমার মেজ খালু
চুলবিহীন তার তালু
কাঁচা পাকা লম্বা দাড়ি
ঢাকায় উনার দুটো বাড়ি
চড়েন রিক্সা নয় গাড়ি
আসক্তিতে পরনারী
নামাজ রোজা সবই করেন
দামী ফাইল আগলে ধরেন
কোরান কিতাব নিত্য পড়েন
তলার উপর তলা গড়েন
অল্প সিমেন্ট অধিক বালু
নির্দেশ দেন আমার খালু
অবাক হলে রাজমিস্ত্রী
শাসাতে পাঠান বড় স্ত্রী
বিবি উনার তিন খান
সমদৃষ্টির ভাব দেখান
ছোট গিন্নী জানের জান
প্রেম তো নয় অন্য টান
তিনি দিলেন কাজের বুয়া
জিজ্ঞাসিলে বলেন - ভূয়া
খালুর জন্ম ছাগল নাইয়া
উনি এখন খাঁটি ঢাকাইয়া
বড় পশু কোরবানী দেন
সকল গোস্ত নিজেই নেন
মনের পশুর হয়না কিছু
সদাই ছোটেন টাকার পিছু
এবার তিনি হজ্ব করবেন
পাথর ছুঁড়ে শয়তান মারবেন
এসব করে কিবা হবে
কয়লার ময়লা ঠিকই রবে

আমার মেজ খালু
সমাজের পচা আলু
খালুদের খাসলত বদলায় যদি
দেশের মঙ্গল নিরবধি
খালুরা যেদিন হবে ভালো
দেশে জ্বলবে আশার আলো ।

কবি দুলাল হালদারের আগের কবিতা/ছড়াগুলো পড়তে এখানে [টোকা মারুন](#)